“যে দিনার তুমি আল্লাহর রাস্তায় খরচ করেছ, যে দিনার তুমি গোলাম আযাদ করতে খরচ করেছ, যে দিনার তুমি মিসকিনের উপর খরচ করেছ এবং যেটি তুমি পরিবারে খরচ করেছ, তার মধ্যে তুমি যেটি পরিবারের জন্য সেটির সাওয়াবই সবচেয়ে বেশী।”

আবূ হুরায়রা রদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “যে দিনার তুমি আল্লাহর রাস্তায় খরচ করেছ, যে দিনার তুমি গোলাম আযাদ করতে খরচ করেছ, যে দিনার তুমি মিসকিনের উপর খরচ করেছ এবং যেটি তুমি
পরিবারে খরচ করেছ, তার মধ্যে তুমি যেটি পরিবারের জন্য সেটির সাওয়াবই সবচেয়ে বেশী।” [সহীহ] [ইমাম মুসলিম এটি বর্ণনা করেছেন]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কিছু প্রকারের ব্যয়ের কথা উল্লেখ করেছেন। তিনি বলেছেন: এক দিনার, যা তুমি আল্লাহর পথে জিহাদে খরচ করেছ; এক দিনার, যা তুমি কোনো দাসকে দাসত্ব থেকে মুক্ত করার জন্য খরচ করেছ; এক দিনার, যা তুমি কোনো দরিদ্র ও অভাবগ্রস্ত ব্যক্তির জন্য সদকা দিয়েছ; এবং এক দিনার, যা তুমি তোমার পরিবার-পরিজনের জন্য ব্যয় করেছ। এরপর তিনি জানান যে, এগুলোর মধ্যে আল্লাহর কাছে সবচেয়ে বেশি সওয়াবের ব্যয় হলো সেই দীনার যা তুমি তোমার পরিবার, সন্তান এবং যাদের ভরণপোষণ তোমার দায়িত্ব তাদের জন্য ব্যয় করেছ।

https://www.sunnah.global/hadeeth/bn/show/5813